# মানবণ্টন : পূর্ণমান ১০০

- সৃজনশীল প্রশ্নের জন্য ৬০ নম্বর এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ৪০ নম্বর বরাদ্দ থাকবে।
- প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।

- **সৃজনশীল প্রশ্ন:**
  সৃজনশীল অংশে মোট ৯টি প্রশ্ন থাকবে এবং উত্তর দিতে হবে মোট ৬টি প্রশ্নের।

- **বহুনির্বাচনি প্রশ্ন :**
  ৪০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে, সব কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।

## সৃজনশীল প্রশ্নপত্রের সাধারণ কাঠামো

এতে প্রতিটি প্রশ্নের শুরুতে একটি দৃশ্যকল্প বা উদ্দীপক (Stem) থাকবে যা হতে পারে একটি সাধারণ সূচনা বক্তব্য, চার্ট, সমীকরণ, চিত্র, গ্রাফ ইত্যাদি। দৃশ্যকল্প বা উদ্দীপকের শেষে ৪টি প্রশ্ন থাকবে।
প্রশ্ন ৪টির নম্বর বন্টন হবে নিম্নরূপ:

**(ক) প্রশ্নের মান থাকবে ১**

**(খ) প্রশ্নের মান থাকবে ২**

**(গ) প্রশ্নের মান থাকবে ৩**

**(ঘ) প্রশ্নের মান থাকবে ৪**

প্রতিটি প্রশ্নের এই ৪টি অংশের মোট  নম্বর হবে ১০।

# ব্যবসায় উদ্যোগ

কোর্স কোডঃ SSC-1663

## সৃজনশীল প্রশ্ন

সময়: ২ ঘন্টা ১০ মিনিট

পূর্ণমান- ৬০

[বিশেষ দ্রষ্টব্যঃ দক্ষিণ পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ুন এবং প্রশ্নগুলোর উত্তর দিন। যে কোন **ছয়টি** প্রশ্নের উত্তর দিন।]

১. যশোরের জনাব জসীম একজন বেকার যুবক। চাকুরীর সন্ধান না করেই লেখাপড়া শেষে স্বল্প পুঁজি নিয়ে একটি মুদি দোকান শুরু করেন। জনগণের ব্যাপক চাহিদার কথা ভেবে তিনি ব্যবসাটিকে বড় করতে চাইলেন। এজন্য তিনি তার এক বন্ধুকে চুক্তির ভিত্তিতে ব্যবসায়ে সংযুক্ত করলেন।

ক. কোনটিকে আধুনিক যুগের ব্যবসায় টু ব্যবসায় বলে অভিহিত করা হয়? ১

খ. উৎপাদনের বাহন কোনটি? ব্যাখ্যা করুন। ২

গ. জনাব জসীমের প্রথম ব্যবসাটি মালিকানা ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করুন। ৩

ঘ. জনাব জসীমের ব্যবসায় সম্প্রসারণের জন্য গৃহীত পদক্ষেপটি মূল্যায়ন করুন। ৪

২. জনাব আব্দুর রহমান যুব উন্নয়ন কেন্দ্র থেকে মৌমাছি চাষ বিষয়ে বিশেষ প্রশিক্ষণ নেন। এখন তিনি নিজে একটি মৌমাছি চাষের খামার স্থাপনের চিন্তা ভাবনা করছেন। কিন্তু ঝুঁকির কথা চিন্তা করে অগ্রসর হতে পারছিলেন না। পরবর্তীতে তিনি তার এক বন্ধুর কাছ থেকে আর্থিক সহায়তা পেয়ে 'মৌ নীড়' নামে একটি খামার স্থাপন করেন।

ক. বাংলাদেশের প্রধান বাণিজ্যিক ব্যাংক কোনটি? ১

খ. জয়েন্ট স্টক কোম্পানির ভিত্তিতে নারী শিল্পোদ্যোক্তা কে? ব্যাখ্যা করুন। ২

গ. জনাব আব্দুর রহমান প্রথমে কোন সহায়তা পেয়ে মৌমাছি চাষে উদ্বুদ্ধ হয়েছিলেন? ব্যাখ্যা করুন। ৩

ঘ. জনাব আব্দুর রহমানের 'মৌ নীড়' স্থাপনে বন্ধুর ভূমিকা মূল্যায়ন করুন। ৪

৩. শিবপুর বাজারের জনাব আযমল অনেকদিন ধরে সততার সাথে ব্যবসায় চালিয়ে আসছেন। তিনি সব সময় ক্রেতাদের মানসম্মত পণ্য সরবরাহ করেন। তাতে তার ব্যবসা ভালই চলে। পার্শ্ববর্তী ব্যবসায়ী মিঃ রবিন মুনাফাকে বড় করে দেখেন। পণ্যের গুণাগুণ অনুযায়ী মূল্য বিবেচনায় রাখেন না। অধিক মুনাফাকে বড় করে দেখেন। পণ্যের গুণাগুণ অনুযায়ী মুল্য বিবেচনায় রাখেন না। অীধক মুনাফার আশায় তিনি নকল পণ্য সরবরাহ করেন। তাই ক্রেতারা তাকে এড়িয়ে চলেন। মিঃ রবিন এর ব্যবসায়ের অবস্থা বর্তমানে খুব একটা ভাল নয়।

ক. ইথস শব্দের অর্থ কী? ১

খ. মূল্যাবোধ বলতে কী বোঝায়? ২

গ. জনাব আযমলের কাজের ম্যামে কোন দায়বদ্ধতা ফুটে উঠেছে? ব্যাখ্যা করুন। ৩

ঘ. মিঃ রবিন ব্যবসায়ে সফলতার অন্তরায়টি বিশ্লেষণ করুন। ৪

৪. 'সৃজনী' মানসম্পন্ন পণ্য সরবরাহ করে দেশের সর্বত্র ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। কোম্পানিটি সরকারের সাথে এমন একটি চুক্তি করেছে যার ফলে কোম্পানিটি বছরের পর বছর একচেটিয়া ব্যবসায় করে যাচ্ছে। কোম্পানিটর পণ্য সহজেই চেনার উপায় হিসেবে প্রতিটি পণ্যের মোড়কের গায়ে ইংরেজি অক্ষর 'S' ব্যবহার করা হয়।

ক. পণ্যের মান নির্ধারণে সার্টিফিকেট প্রদান করে কোন প্রতিষ্ঠান? ১

খ. ব্যবসায়ে সবচেয়ে জনপ্রিয় বীমা কোনটি? ব্যাখ্যা করুন। ২

গ. কোন ধরনের চুক্তির ফলে 'সৃজনী' একচেটিয়া ব্যবসায় করছে? ব্যাখ্যা করুন। ৩

ঘ. ''সৃজনী'-র তৈরী পণ্যের গায়ে 'S' অক্ষর দ্বারা ব্যবসায়িক স্বার্থ সুরক্ষা হয়।''-যুক্তি দিন। ৪

৫. কাঁচামালের সহজলভ্যতার কথা চিন্তা করে বান্দরবানের শান্তি চাকমা গৃহস্থালী উপকরণ তৈরীর সিদ্ধান্ত নেন। তিনি একটি এনজিও থেকে প্রশিক্ষণ নিয়ে বেতের ঝুড়ি ও বাঁশের চাটাই তৈরী করে তা স্থানীয় বাজারে বিক্রি করে উপার্জন শুরু করেন। এ কাজে তার পরিবারের সদস্যরাও তাকে সাহার্য করেন। অধিক মুনাফা লাভের আশায় এখন তিনি সৌখিন জিনিস উৎপাদন করছেন।

ক. প্রকল্প নির্বাচনের পদ্ধতি কয়টি? ১

খ. উৎপাদনমুখী শিল্প বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে শান্তি চাকমার শিল্পটি কোন ধরনের? বর্ণনা করুন। ৩

ঘ. বান্দরবানের মত অনুন্নত জেলার উন্নয়নে শান্তি চাকমার শিল্পের অবদান মূল্যায়ন করুন। ৪

৬. জনাব ফরিদ একজন পাটের ব্যবসায়ী। তিনি খুব দক্ষ ব্যবসায়ী হিসাবে পরিচিত। পাট উঠার সময় কম দাম হওয়ার কারণে সে অনেক পাট কিনে দাম বৃদিধর সময়ে বিক্রীর জন্য জমা করে রাখেন। হঠাৎ অগ্নিকাণ্ডে সমস্ত পাট পুড়ে যায়। ফলে তার ব্যবসায়টি বন্ধ হয়ে যায়।

ক. কোনটির মাধ্যমে পণ্য একস্থান থেকে অন্য স্থানে পৌঁছানোর হয়? ১

খ. ধৈর্যশীলতা বিক্রয় কর্মীর কোন ধরনের গুণাবলী? ব্যাখ্যা করুন। ২

গ. জনাব ফরিদের ব্যবসায়ে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়। বর্ণনা করুন। ৩

ঘ. কোন পদক্ষেপটি জনাব ফরিদের ব্যবসায়টি টিকে থাকতে সহায়তা করতে পারত বলে তুমি মনে কর? ব্যাখ্যা করুন। ৪

৭. কালু মিয়া  পদ্মা নদীর তীর ঘেঁষে একখণ্ড জমিতে বিভিন্ন জাতের গাছের চারা উৎপাদন করছেন। কিন্তু এ চারাগুলো বিভিন্ন বাজারে পৌঁছানো ব্যয়সাপেক্ষ হওয়ায় তিনি ব্যবসায়ে সফলতা অর্জন করতে পারছেন না। অনেক ভেবেচিন্তে একটি ইঞ্জিনচালিত নৌকা তৈরি করে নিলেন। এখন তার উৎপাদিত চারা দূর-দূরান্তের বাজারে অল্প খরচে পৌঁছাতে পারছেন। ফলে তিনি বেশ লাভবান হচ্ছেন।

ক. একজন ব্যবসায়ী কিসের আশায় অর্থ বিনিয়োগ করে থাকেন? ১

খ. ব্যবসায়ের ঝুঁকিগত প্রতিবন্ধকতা দূর করার উপায়টি ব্যাখ্যা করুন। ২

গ. কালুমিয়ার চারা উৎপাদনের কাজটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা করুন। ৩

ঘ. কালুমিয়ার ব্যবসায়ে লাভবান হওয়ার ক্ষেত্রে গৃহীত পদক্ষেপটি বিশ্লেষণ করুন। ৪

৮. জনাব সাগর সরিষার তেল, বোতলজাত করে বিক্রি করার জন্য মেহেরপুরের গাংনীতে ''সাগর আয়েল মিল'' প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিলেন, সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য তিনি বাজারে পণ্যটির চাহিদা ও গ্রহণযোগ্যতা যথাযথভাবে নিরূপণ করলেন, ফলাফল অনুকূল হওয়ায় তিনি কারখনা স্থাপন করেন। তবে দরকারী অর্থের অভাবে তিনি চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন করতে পারছেন না।

ক. কর্মসংস্থাকে প্রধানত কয়ভাগে ভাগ করা যায়। ১

খ. ব্যবসায় অর্থায়ন বলতে কী বুঝায়? ২

গ. জনাব সাগর প্রকল্প নির্বাচনে কোন পদ্ধতি অবলম্বন করেছেন? ব্যাখ্যা করুন। ৩

ঘ. জনাব সাগর চাহিদা অনুযায়ী উৎপাদন করতে না পারার কারণটি বিশ্লেষণ করুন। ৪

৯. জনাব করিম ব্যবসায় আইন-কানুন সম্পর্কে পড়াশোনা করে সম্যক জ্ঞান অর্জন করেছেন। তিনি বিভিন্ন ধরনের ব্যবসায়ের আইন-কানুন গঠন প্রক্রিয়া জেনে একটি একমালিকানা করাবার শুরু করা, তার জন্য যুক্তিযুক্ত বলে সিদ্ধান্ত গ্রহণ করেন। একমালিকানা ব্যবসায় স্বল্প মূলধন নিয়ে এবং স্বাধীনভাবে কাজ করা যায়। জনাব করিমকে বেশি আকৃষ্ট করে।

ক. একমালিকা কারবার কী? ১

খ. একমালিকানা কারবারের দুটি বৈশিষ্ট্য লিখুন। ২

গ. জনাব করিম কী কারণে একমালিকানা ব্যবসায় শুরু করবেন বলে সিদ্ধান্ত নেন? ৩

ঘ. এক মালিকানা ব্যবসায়ের ওপর ভিত্তি করে জনাব করিম সিদ্ধান্ত কি সঠিক বলে আপনি মনে করেন? ৪

# ব্যবসায় উদ্যোগ

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়: ৪০ মিনিট

পূর্ণমান- ৪০

[বিশেষ দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান ১]

১. শিক্ষার হার ম্যাক্রোস্ক্রিনিং এর কোন উপাদানের অন্তর্ভুক্ত?
ক. জনসংখ্যা খ. অর্থনৈতিক পরিবেশ
গ. সাংস্কৃতিক পরিবেশ ঘ. রাজনৈতিক পরিবেশ

২. এক মালিকানা কারবারের দায় কী রূপ?
ক. সীমাহীন খ. সীমাযুক্ত
গ. সসীম ঘ. অসীম

৩. দেশের মোট শ্রমশক্তির কত অংশ যুবক যুবতী?
ক. $\frac{১}{২}$ খ. $\frac{১}{৩}$
গ. $\frac{১}{৪}$ ঘ. $\frac{১}{৫}$

৪. কর্মস্থানকে প্রধানত কয়টি ভাগে ভাগ করা হয়েছে?
ক. পাঁচ খ. চার
গ. তিন ঘ. দুই

৫. নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত?
ক. যুব ও ক্রীড়া মন্ত্রণালয় খ. শিক্ষা মন্ত্রণালয়
গ. শিল্প মন্ত্রণালয় ঘ. পর্যটন মন্ত্রণালয়

৬. আধুনিক ব্যবসায়কে প্রধানত কয়ভাগে ভাগ করা যায়?
ক. দুই খ. তিন
গ. চার ঘ. পাঁচ

৭. ইউরোপে শতকরা কতভাগ ব্যবসায় একক মালিকানা-
ক. ৮০ খ. ৮২
গ. ৮৫ গ. ৯০

৮. আদালতের নির্দেশে বিলোপ সাধন হয় কত ধারায়?
ক. ৪২ খ. ৪৩
গ. ৪৪ ঘ. ৪৫

৯. ঐতিহ্য ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান?
ক. প্রাকৃতিক খ. রাজনৈতিক
গ. সামাজিক ঘ. অর্থনৈতিক

১০. Porto Piqueno নামে কোন বন্দরটি অভিহিত?
ক. চট্টগ্রাম খ. পায়রা
গ. মংলা ঘ. সপ্তগ্রাম

১১. এসএসসি পাস শাহানা বেগম সামান্য পুঁজি ও পরিবারের সদস্যদের নিয়ে একটি সেলাইয়ের কাজ হাতে নেন। বিভিন্ন ধরনের শাড়ি, থ্রিপিস, পাঞ্জাবী ও ফতুয়া কারু-কাজসহ বিভিন্ন নক্‌শী কাঁথা সেলাই করেন। তিনি এখন স্বাবলম্বী। শাহানার কাজটি কোন শিল্পের অন্তর্গত?
ক. ক্ষুদ্র খ. মাঝারী
গ. সেবা ঘ. কুটির

১২. কুটির শিল্পের কাঁচামাল পাওয়া যায়-
ক. রাজশাহী খ. ঢাকা
গ. বরিশাল ঘ. স্থানীয়ভাবে

১৩. ম্যাটসুমিটা কোন দেশের প্রতিষ্ঠিত কোম্পানী?
ক. বাংলাদেশ খ. জাপান
গ. জার্মান ঘ. চীন

১৪. নিচের কোনটি উদ্যোক্তার বিশেষ গুণ?
ক. অন্যের উপর প্রভাব বিস্তারের ক্ষমতা খ. পুঁজি সংগ্রহের ক্ষমতা
গ. চ্যালেঞ্জ গ্রহণ করার মানসিকতা ঘ. কঠোর পরিশ্রম করার ক্ষমতা

১৫. কোন ব্যবসায় সংগঠনকে কৃত্রিমসত্তার অধিকারী বলা হয়?
ক. অংশীদারি খ. সমবায়
গ. এক মালিকানা ঘ. যৌথ মূলধনী

১৬. স্বাতন্ত্রতা কোনটির মূল বিষয়?
ক. পণ্যপ্রতীক খ. পেটেন্ট
গ. নিবন্ধন ঘ. কপিরাইট

১৭. মেধাসম্পদের অন্তর্ভুক্ত-
i. পেটেন্ট ii. নিবন্ধন
iii. কপিরাইট
নিচের কোনটি সঠিক?
ক. i. ও ii. খ. ii.ও iii..
গ. i. ও iii ঘ. i., ii. ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দিন ঃ-

জাবেদ চৌধুরী এম. কম পাস করার পর নট্রামস থেকে প্রশিক্ষণ এবং বাবার নিকট থেকে কিছু টাকা নিয়ে একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র খুললেন। প্রথম দিকে কিছু ক্ষতি হলেও পরবর্তীতে লোকসান মিটিয়ে আস্তে আস্তে সফল হল। তিনি এখন অর্থনৈতিকভাবে স্বাবলম্বী।

১৮. জাবেদ চৌধুরীর ব্যবসায়টি কোন ধরনের ব্যবসায়?
ক. ক্ষুদ্র ব্যবসায় খ. মাঝারী ব্যবসায়
গ. বৃহৎ ব্যবসায় ঘ. আত্মকর্মসংস্থামূলক

১৯. জাবেদ চৌধুরীর ব্যবসায়ের সফলতার কারণ-
ক. পর্যাপ্ত মূলধন খ. দক্ষ জনবল
গ. মুনাফা লাভের তীব্র আকাঙ্খা ঘ. প্রশিক্ষণমূলক জ্ঞান কাজে লাগানো

২০. সেবামূলক মাঝারী শিল্পে নিয়োজিত শ্রমিক সংখ্যা কতজন?
ক. ৫০-১০০ খ. ৪০-১০০
গ. ৩০-১০০ ঘ. ২০-১০০

২১. নাটোর কোন বিভাগের অনুন্নত জেলা?
ক. বরিশাল খ. ঢাকা
গ. রাজশাহী গ. খুলনা

২২. সমবায় সমিতি গঠন প্রক্রিয়া-
i. উদ্যোগ গ্রহন পর্যায় ii. নিবন্ধন পর্যায়
iii. কার্যারম্ভ পর্যায়
নিচের কোনটি সঠিক?
ক. i. ও ii. খ. ii.ও iii..
গ. i. ও iii ঘ. i., ii. ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দিন-

মিসেস সুলতানা শারমিন আত্মীয়স্বজন এর নিকট থেকে টাকা নিয়ে পুরান ঢাকার কামরাঙীর চরে একটি সিরামিক কারখানা গড়ে তুলেন। পরবর্তীতে এখানকার প্রতিকূল পরিবেশের কারণে তিনি ব্যবসা গুটিয়ে নিতে বাধ্য হন।

২৩. শিল্পোন্নয়নের প্রধান অন্তরায় কোনটি?

ক. আর্থিক সমস্যা খ. অনুকূল পরিবেশ
গ. পরিবেশ দূষণ গ. উদ্যোগের অভাব

২৪. পরিবেশ দূষণের জন্য দায়ী-

i. যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা ii. জনসাধারণের সচেতনতা
iii. ত্রুটিপূর্ণ পয়নিষ্কাশন ব্যবস্থা

নিচের কোনটি সঠিক?

ক. i. ও ii. খ. ii.ও iii..
গ. i. ও iii ঘ. i., ii. ও iii

২৫. বিজ্ঞাপন দেওয়া হয় কেন?

ক. পণ্যের মূল্য বৃদ্ধির জন্য খ. ক্রেতাদের পণ্যের ধারণা দেওয়ার জন্য
গ. পণ্যের বাজার জানার জন্য গ. উদ্যোক্তা তৈরি করার জন্য

২৬. একজন আদর্শ বিক্রয়কর্মীর নৈতিক গুণাবলী-

i. মার্জিত ব্যবহার ii. আত্মবিশ্বাস
iii. জেন্ডার সচেতনতা

নিচের কোনটি সঠিক?

ক. i. ও ii. খ. ii.ও iii..
গ. i. ও iii ঘ. i., ii. ও iii

২৭. পণ্যের মান নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?

ক. বিসিক খ. বেসিক
গ. বিটিটিআর ঘ. বিএসটিআই

২৮. বিসিক প্রদত্ত সহায়তা নিচের কোনটি?

ক. প্রযুক্তিগত জ্ঞানদান খ. উদ্যোক্তা চিহ্নিতকরণ
গ. আবিস্কার ও উদ্ভাবন ঘ. শিল্প গবেষণার দিক নির্দেশনা

২৯. প্রাক্কলিত নগদপ্রবাহ বিবরণী সংরক্ষণ করা যায়-

i. দৈহিক ভিত্তিতে ii. সাপ্তাহিক ভিত্তিতে
iii. মাসিক ভিত্তিতে

নিচের কোনটি সঠিক?

ক. i. ও ii. খ. ii.ও iii..
গ. i. ও iii ঘ. i., ii. ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১নং প্রশ্নের উত্তর দিন:-

ইসহাক তার নিজস্ব জমিতে কৃষিপণ্য উৎপাদন করে স্থানীয় বাজারে আকার সাইজ এবং মান অনুযায়ী ক্রেতাদের আকৃষ্ট করার জন্য সাজিয়ে রাখেন। তার বেচা বিক্রিও ভাল, তাই লাভও ভাল হয়। বিক্রীর সময় ক্রেতাদের সুন্দরভাবে মোড়ক করে দেন।

৩০. ইসহাকের ব্যবসায়ের পণ্য বন্টনপ্রণালী হলো-

ক. উৎপাদক → ভোক্তা খ. উৎপাদক → খুচরা ব্যবসায়ী → ভোক্তা
খ. উৎপাদক → পাইকার → ভোক্তা ঘ. উৎপাদক → পাইকার → খুচরা ব্যবসায়ী → ভোক্তা

৩১. ইসহাকের সঠিক বন্টনপ্রণালী ব্যবহারের ফলে-
i. ক্রেতা ভাল মানের পণ্য পাবে
ii. ক্রেতা কম মূল্যে পণ্য পাবে
iii. বিপণন কার্য সহজ হবে
নিচের কোনটি সঠিক?
ক. i. ও ii.
খ. i.ও iii..
গ. ii. ও iii
ঘ. i., ii. ও iii

৩২. বাংলাদেশের অন্যতম সফল উদ্যোক্তা কে?
ক. আবুল কালাম আজাদ
খ. স্যামসন এইচ চৌধুরী
গ. জহুর ইসলাম
গ. শাহিদা বেগম

৩৩. মহিলা অধিদপ্তর প্রশিক্ষণ প্রদান করে থাকে-
i. হস্তশিল্প
ii. মৌমাছি পালন
iii. বুনন শিল্প
নিচের কোনটি সঠিক?
ক. i. ও ii.
খ. i.ও iii..
গ. ii. ও iii
ঘ. i., ii. ও iii

৩৪. সমাজের প্রতি ব্যবসায়ের দায়বদ্ধতা কোনটি?
ক. সরকারকে নিয়মিত কর ও রাজস্ব প্রদান
খ. জাতীয় দুর্যোগে জনগণের পাশে দাঁড়ানো
গ. পণ্যসামগ্রী প্রাপ্তি সহজতর করা
গ. উপযুক্ত কাজের পরিবেশ সৃষ্টি করা

৩৫. যৌথমূলধনি ব্যবসায় সংগঠনের সদস্য সংখ্য কী রকম?
ক. নির্ধারিত
খ. অনির্ধারিত
গ. সীমিত
ঘ. অসংখ্য

৩৬. স্কয়ার ফার্মাসিউটিক্যাল্স এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ-
ক. ৭০০০০ টাকা
খ. ৮০০০০ টাকা
গ. ৯০০০০ টাকা
ঘ. ১০০০০০ টাকা

নিচের উদ্দীপকটি পড়ে ৩৭ ও ৩৮নং প্রশ্নের উত্তর দিন :-

আশা ও প্রত্যাশা দুই বান্ধবী একটি কোম্পানী নিবন্ধনের জন্য আবেদন করল। অপর দিকে রোহানাও তার ছয় বন্ধু মিলে একটি কোম্পানী নিবন্ধনের জন্য আবেদন করে। উভয়েই নিবন্ধনের অনুমতি পেয়ে আশা ও প্রত্যাশা তাদের কার্যক্রম শুরু করলেন কিন্তু রোহান ও তার বন্ধুরা কাজ শরু করতে পারল না।

৩৭. আশাদের ব্যবসায়টি কোন ধরনের?
ক. অংশীদারি
খ. প্রাইভেট লি: কোম্পানী
গ. পাবলিক লি: কোম্পানী
ঘ. সমবায় সংগঠন

৩৮. রোহানদের ব্যবসায়ের কাজ শুরু করতে না পারার কারণ-
i. এটি পাবলিক লি: কোম্পানী
ii. এটি প্রাইভেট লি: কোম্পানী
iii. কার্যারম্ভের অনুমতিপত্র না পাওয়া
নিচের কোনটি সঠিক?
ক. i. ও ii.
খ. i.ও iii..
গ. ii. ও iii
ঘ. i., ii. ও iii

৩৯. ব্যবসায় কোন ধরনের প্রতিষ্ঠান?
ক. সামাজিক
খ. অর্থনৈতিক
গ. রাজনৈতিক
ঘ. পারিবারিক

৪০. আবুল কালাম আজাদ বাবার সাথে বাজারে গিয়ে কি দেখে ব্যবসায়ে মনোনিবেশ করার চিন্তা করলেন?
ক. নারিকেল বিক্রী
খ. ইলিশ মাছ বিক্রী
গ. আম বিক্রী
ঘ. কাঁঠাল বিক্রী